জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd

নম্বর : ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০১০.১৫/ ৭৭১(৫০)

তারিখ: ১২ ই বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ / ২৫শে এপ্রিল ২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয় : কলেজ পর্যায়ের প্রতিষ্ঠান প্রধানগণের জন্য ১৩১তম 'শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা' বিষয়ক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ।

আগামী ০২রা জ্যৈষ্ঠ-২২শে জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ/ ১৬-০৫-২০১৮ থেকে ০৫-০৬-২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত কলেজ পর্যায়ের প্রতিষ্ঠান প্রধানগণের জন্য ১৩১তম শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স নায়েমে অনুষ্ঠিত হবে। এ কোর্সে একজন প্রশিক্ষণাথী হিসেবে তাঁকে মনোনয়ন দেয়া হয়েছে। কোর্সে যোগদানের লক্ষ্যে ০২রা জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ/১৬-০৫-২০১৮ খ্রি.তারিখ বুধবার সকাল ০৯.০০টায় নায়েম এর ওয়ানস্টপ সার্ভিস পয়েন্টে মনোনীত প্রশিক্ষণার্থীর উপস্থিতি নিশ্চিত করতে অনুরোধ করা হলো। এতৎসঙ্গে নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করা হলো:

১. নায়েম হোস্টেলে আসন শূন্য থাকা সাপেক্ষে হোস্টেলে আবাসনের ব্যবস্থা করা হবে। হোস্টেলে আবাসন গ্রহণের ক্ষেত্রে কোর্স শুরুর পূর্বদিন বিকালে নির্ধারিত হোস্টেলের আসন গ্রহণ করা বাঞ্ছনীয়।
২. সরকারি নিয়ম অনুযায়ী প্রশিক্ষণার্থীকে ভ্রমণ ও দৈনিক ভাতা নায়েম থেকে প্রদান করা হবে। তবে, প্রাথমিক ব্যয় (থাকা, খাওয়া ও শিক্ষা সফরের খরচ) সংকুলানের জন্য আনুমানিক জনপ্রতি ১০,০০০/-(দশ হাজার টাকা) আনতে হবে। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীকে এ অফিসে ভ্রমণ ও দৈনিক ভাতার বিল পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অন লাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য সংযুক্ত ছক যথাযথভাবে পুরণ করে আনতে হবে।
৩. বেসরকারি প্রতিষ্ঠানের প্রধানগণকে তাঁদের প্রতিষ্ঠানের গভর্নিং বডির সভাপতির নিকট থেকে অধ্যক্ষ পদের এমপিওর কপিসহ বর্তমান মূল বেতন উল্লেখপূর্বক সর্বশেষ এমপিও-এর কপি, ছাড়পত্র, EIIN এবং পাসপোর্ট সাইজের দুই কপি ছবি সঙ্গে আনতে হবে। যে সকল প্রতিষ্ঠান প্রধান এখনও কলেজ পর্যায়ে এমপিওভুক্ত হননি তাঁরা এ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না।
৪. সরকারি কলেজের অধ্যক্ষ যাঁদের বয়স ৫৭ বছর অতিক্রম করেছে এবং বেসরকারি কলেজ/ মাদরাসার অধ্যক্ষ যাঁদের বয়স ৫৮ বছর অতিক্রম করেছে, তাঁদের এ প্রশিক্ষণে অংশগ্রহণ করার প্রয়োজন নেই।
৫. বিগত ০৩ (তিন) বছরের মধ্যে যিনি এ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছেন তাঁর এ কোর্সে অংশগ্রহণ করার প্রয়োজন নেই।
৬. যিনি নায়েমে গত ০১ (এক) বছরের মধ্যে অন্য কোন কোর্স সম্পন্ন করেছেন তাঁরও এ কোর্সে অংশগ্রহণ করার প্রয়োজন নেই।
৭. কোন কারণে অধ্যক্ষ কোর্সে অংশগ্রহণে অপারগ হলে বা এ-প্রশিক্ষণ পূর্বে গ্রহণ করে থাকলে তাঁর পরিবর্তে উপাধ্যক্ষকে প্রেরণ করা যেতে পারে (যদি তিনি পূর্বে এ প্রশিক্ষণ সম্পন্ন না করে থাকেন)।
৮. নায়েমের শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্সে 'Best Practices in Your Institution' শিরোনামে একটি অধিবেশন সংযোজিত হয়েছে। এজন্য তাঁর প্রতিষ্ঠানের বিদ্যমান সফল সেবার একটি সচিত্র বিবরণীর Soft Copy আনার জন্য অনুরোধ করা হলো।
৯. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নম্বর মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তারিখ ১০-০১-৯৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত **(Stand Release)** বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
১০. প্রশিক্ষণ সম্পর্কিত কোন বিষয়ে জানার প্রয়োজন হলে কোর্স সমন্বয়ক জনাব আসমা আক্তার খাতুন (০১৭৩৪৯৩৩২৩৩) এবং কোর্স সমন্বয়ক জনাব মোঃ আব্দুল মান্নান চোধরী (০১৭১২৬১২৯৯২)-এর সঙ্গে যোগাযোগ করা যেতে পারে। মনোনীত অধ্যক্ষগণকে ২৭শে বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ/ ১০/০৫/২০১৮ খ্রি. তারিখের মধ্যে উল্লিখিত সেল নম্বর-এ এসএমএস অথবা ই-মেইল (tahminabegum22@yahoo.com) করে উপস্থিতি নিশ্চিত করতে অনুরোধ করা হলো।
১১. আমন্ত্রণপত্র ও প্রশিক্ষণার্থীর তালিকা নায়েম ওয়েবসাইট (www.naem.gov.bd)-এ পাওয়া যাবে।

২৫.০৪.১৮

(প্রফেসর ড. আ.ফ.ম. শফিকুর রহমান)
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), নায়েম
e-mail: info@naem.gov.bd

প্রাপক : -----------------------------------

তারিখ: ১২ই বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ / ২৫ শে এপ্রিল ২০১৮ খ্রিষ্টাব্দ

নম্বর : ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০১০.১৫/ ৭৭১(৫০)(১০)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা (আমন্ত্রণপত্র ও তালিকাসহ);
৩. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/গবেষণা ও তথ্যায়ন/প্রশাসন ও অর্থ, নায়েম;
৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
৫. সকল হোস্টেল সুপারিনটেনডেন্ট, নায়েম, ঢাকা;
৬. প্রোগ্রামার, নায়েম, ঢাকা (প্রশিক্ষণার্থীর তালিকা ও আমন্ত্রণপত্র নায়েম ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করার অনুরোধসহ);
৭. অফিস নথি।

২৫.০৪.১৮

(ড. তাহমিনা বেগম)
প্রশিক্ষণ বিশেষজ্ঞ
ও
কোর্স পরিচালক
সেল নম্বর: ০১৬৭৩৮৮১০২৪

Government of the People's Republic of Bangladesh
National Academy for Educational management (NAEM)
Seconadry & Higher Education Division
Ministry of Education
NAEM Road, Dhanmondi, Dhaka-1206
www.naem.gov.bd

Bank Account Information

Name of Organization (with address)	Name of the Bank (with branch address)	Title of the Bank Account	Full Number of Bank Account	Routing Number	Branch Code (if any)

1. The Account Number of Private Bank is preferable if the participant has more than one Bank Account in different Banks.
2. Some participants might still use 4-digit Account Number. They are requested to submit their online Account Number.
3. In addition to this, participants are asked to submit the photocopy of one leaf of the Cheque Book.

Participants Signature:

and

Full Name: